গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
উপকরণ-২ শাখা
www.moa.gov.bd

নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০০৭.২২.২৪৬

তারিখ: ০২ আশ্বিন ১৪৩১
১৭ সেপ্টেম্বর ২০২৪

প্রাপকঃ চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।

**বিষয় : ২০২৪-২৫ অর্থবছরে খরিপ-২ মৌসুমে অতিবৃষ্টি, বন্যা ও উজান থেকে নেমে আসা পাহাড়ি ঢলে ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিনামূল্যে মাঠে চাষযোগ্য বিভিন্ন হাইব্রিড জাতের শীতকালীন সবজি বীজ, সার ও নগদ অর্থ সহায়তার মাধ্যমে কৃষি পুনর্বাসন কর্মসূচি বাবদ অর্থ ছাড়করণ ও জি.ও জারি সংক্রান্ত।**

সূত্র: অর্থ বিভাগের স্মারক নং-০৭.০০.০০০০.১২০.১৬.১৩০.২৪.৪৬, তারিখ ১৭/০৯/২০২৪ খ্রি.

মহোদয়,

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে ২০২৪-২৫ অর্থবছরে এ মন্ত্রণালয়ের বাজেটের '১২০০০৬৫০৫- কৃষি পুনর্বাসন সহায়তা' খাতে বরাদ্দকৃত ৬১৩৮৫.০০ লক্ষ (ছয়শত তেরো কোটি পঁচাশি লক্ষ) টাকার মধ্যে '৩২৫১১০৫-সার' উপখাতে বরাদ্দকৃত ১৭০০০.০০ লক্ষ (একশত সত্তর কোটি) টাকা হতে ১১১০.০০ লক্ষ (এগারো কোটি দশ লক্ষ) টাকা, '৩২৫১১০৯- বীজ ও চারা' উপখাতে বরাদ্দকৃত ৩৭২০০.০০ লক্ষ (তিনশত বাহাত্তর কোটি) টাকা হতে ৫৪০০.০০ লক্ষ (চুয়ান্ন কোটি) টাকা ও ৩৬৩১১৯৯- অন্যান্য অনুদান' উপখাতে বরাদ্দকৃত ৭১৮৫.০০ লক্ষ (একাত্তর কোটি পঁচাশি লক্ষ) টাকা হতে ৩১৫০.৩০ লক্ষ (একত্রিশ কোটি পঞ্চাশ লক্ষ ত্রিশ হাজার) টাকাসহ সর্বমোট ৯৬৬০.৩০ লক্ষ (ছিয়ানব্বই কোটি ষাট লক্ষ ত্রিশ হাজার) টাকা সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্ত জেলাসমূহের ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে ৮ ধরনের শীতকালীন সবজির হাইব্রিড জাতের বীজ, সার ও নগদ অর্থ সহায়তা প্রদানের জন্য নিম্নে বর্ণিত ০২ নং অনুচ্ছেদে কৃষক প্রতি/বিঘাপ্রতি উপকরণ সহায়তার বিবরণ, ০৩ নং অনুচ্ছেদে জেলাওয়ারী পুনর্বাসন কর্মসূচির বিবরণ, ০৪ নং অনুচ্ছেদে সংযুক্ত 'বাস্তবায়ন পদ্ধতি' এবং ০৫ নং অনুচ্ছেদে উল্লিখিত শর্তাবলী ও প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধানের আলোকে ব্যয় করার জন্য সংশ্লিষ্ট ২০ জেলার জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি ও ০২ টি পার্বত্য জেলার (রাঙ্গামাটি ও খাগড়াছড়ি) জেলা পরিষদ চেয়ারম্যান এবং সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি এর অনুকূলে ছাড় ও অগ্রিম উত্তোলনের সরকারি মঞ্জুরি নির্দেশক্রমে জ্ঞাপন করা হল:

০২। এ পুনর্বাসন কর্মসূচির আওতায় কৃষক প্রতি/বিঘাপ্রতি উপকরণ সহায়তার বিবরণ:

ক)

| ক্রমিক নং | ফসল (বীজ) | পরিমাণ (গ্রাম) | মূল্য (টাকা) |
|---|---|---|---|
| ১ | মরিচ | ৫ | ৩১০ |
| ২ | টমেটো | ৩ | ৩৪০ |
| ৩ | লাউ | ৫ | ৭০ |
| ৪ | ব্রকলি | ২ | ২২০ |
| ৫ | বেগুন | ৫ | ১৬০ |
| ৬ | মিষ্টিকুমড়া | ১০ | ১৫০ |
| ৭ | ফুলকপি | ৫ | ৩৫০ |
| ৮ | বাধাকপি | ৫ | ২০০ |
| | মোট | ৪০ | ১৮০০ |

খ)

| ক্রমিক নং | উপকরণ/খাত | | কৃষক প্রতি/বিঘাপ্রতি উপকরণ সহায়তা (কেজি) | একক মূল্য (টাকা) | কৃষক প্রতি/বিঘাপ্রতি ব্যয় (টাকা) |
|---|---|---|---|---|---|
| ১ | বীজ | | ০.০৪০ | ১৮০০.০০ | ১৮০০.০০ |
| ২ | সার | ডিএপি | ১০.০০ | ১৯.০০ | ১৯০.০০ |
| | | এমওপি | ১০.০০ | ১৮.০০ | ১৮০.০০ |
| | | উপমোট | ২০.০৪০ কেজি | | |
| ৩ | নগদ সহায়তা | | | | ১০০০.০০ |
| ৪ | পরিবহন ব্যয় | | | ১.৫০ (কেজি প্রতি) | ৩০.০৬০ |
| ৫ | আনুষঙ্গিক ও অপ্রত্যাশিত ব্যয় | | | ১.০০ (কেজি প্রতি) | ২০.০৪০ |
| | মোট | | | | ৩২২০.১০ |

৩। এ পুনর্বাসন কর্মসূচির জেলাভিত্তিক উপকারভোগী কৃষক সংখ্যা ও অর্থ বিভাজন (এক নজরে পুনর্বাসন কর্মসূচি):

| ক্রমিক নং | জেলার নাম | কর্মসূচির লক্ষ্যমাত্রা (কৃষক সংখ্যা-জন/ জমির পরিমাণ-বিঘা) | উপকরণের পরিমান (মে. টন) | | | | উপকরণ ব্যয় (লক্ষ টাকা) | | | | | | | | মোট বরাদ্দ (লক্ষ টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | '৩২৫১১০৯-বীজ ও চারা' | '৩২৫১১০৫-সার' | | | '৩৬৩১১৯৯- অন্যান্য অনুদান' | | | | |
| | | | বীজ | ডিএপি | এমওপি | উপমোট সার | বীজ | ডিএপি | এমওপি | উপমোট সার | পরিবহন ব্যয় | আনুষংগিক ও অপ্রত্যাশিত ব্যয় | নগদ সহয়তা (চারা উৎপাদন ও রোপন বাবদ) | উপমোট অন্যান্য ব্যয় | |
| ১ | নারায়ণগঞ্জ | ২০০০ | ০.০৮০ | ২০.০০ | ২০.০০ | ৪০.০০ | ৩৬.০০ | ৩.৮০ | ৩.৬০ | ৭.৪০০ | ০.৬০১ | ০.৪০১ | ২০.০০০ | ২১.০০২ | ৬৪.৪০২ |
| ২ | নরসিংদী | ২০০০ | ০.০৮০ | ২০.০০ | ২০.০০ | ৪০.০০ | ৩৬.০০ | ৩.৮০ | ৩.৬০ | ৭.৪০০ | ০.৬০১ | ০.৪০১ | ২০.০০০ | ২১.০০২ | ৬৪.৪০২ |
| ৩ | মুন্সীগঞ্জ | ২০০০ | ০.০৮০ | ২০.০০ | ২০.০০ | ৪০.০০ | ৩৬.০০ | ৩.৮০ | ৩.৬০ | ৭.৪০০ | ০.৬০১ | ০.৪০১ | ২০.০০০ | ২১.০০২ | ৬৪.৪০২ |
| ৪ | মানিকগঞ্জ | ২০০০ | ০.০৮০ | ২০.০০ | ২০.০০ | ৪০.০০ | ৩৬.০০ | ৩.৮০ | ৩.৬০ | ৭.৪০০ | ০.৬০১ | ০.৪০১ | ২০.০০০ | ২১.০০২ | ৬৪.৪০২ |
| ৫ | কিশোরগঞ্জ | ২০০০ | ০.০৮০ | ২০.০০ | ২০.০০ | ৪০.০০ | ৩৬.০০ | ৩.৮০ | ৩.৬০ | ৭.৪০০ | ০.৬০১ | ০.৪০১ | ২০.০০০ | ২১.০০২ | ৬৪.৪০২ |
| ৬ | কুমিল্লা | ৩০০০০ | ১.২০০ | ৩০০.০০ | ৩০০.০০ | ৬০০.০০ | ৫৪০.০০ | ৫৭.০০ | ৫৪.০০ | ১১১.০০০ | ৯.০১৮ | ৬.০১২ | ৩০০.০০০ | ৩১৫.০৩০ | ৯৬৬.০৩০ |
| ৭ | চাঁদপুর | ১০০০০ | ০.৪০০ | ১০০.০০ | ১০০.০০ | ২০০.০০ | ১৮০.০০ | ১৯.০০ | ১৮.০০ | ৩৭.০০০ | ৩.০০৬ | ২.০০৪ | ১০০.০০০ | ১০৫.০১০ | ৩২২.০১০ |
| ৮ | বি,বাড়িয়া | ৭০০০ | ০.২৮০ | ৭০.০০ | ৭০.০০ | ১৪০.০০ | ১২৬.০০ | ১৩.৩০ | ১২.৬০ | ২৫.৯০০ | ২.১০৪ | ১.৪০৩ | ৭০.০০০ | ৭৩.৫০৭ | ২২৫.৪০৭ |
| ৯ | সিলেট | ১০০০০ | ০.৪০০ | ১০০.০০ | ১০০.০০ | ২০০.০০ | ১৮০.০০ | ১৯.০০ | ১৮.০০ | ৩৭.০০০ | ৩.০০৬ | ২.০০৪ | ১০০.০০০ | ১০৫.০১০ | ৩২২.০১০ |
| ১০ | মৌলভীবাজার | ১৫০০০ | ০.৬০০ | ১৫০.০০ | ১৫০.০০ | ৩০০.০০ | ২৭০.০০ | ২৮.৫০ | ২৭.০০ | ৫৫.৫০০ | ৪.৫০৯ | ৩.০০৬ | ১৫০.০০০ | ১৫৭.৫১৫ | ৪৮৩.০১৫ |
| ১১ | হবিগঞ্জ | ৪০০০ | ০.১৬০ | ৪০.০০ | ৪০.০০ | ৮০.০০ | ৭২.০০ | ৭.৬০ | ৭.২০ | ১৪.৮০০ | ১.২০২ | ০.৮০২ | ৪০.০০০ | ৪২.০০৪ | ১২৮.৮০৪ |
| ১২ | চট্টগ্রাম | ৪৭০০০ | ১.৮৮০ | ৪৭০.০০ | ৪৭০.০০ | ৯৪০.০০ | ৮৪৬.০০ | ৮৯.৩০ | ৮৪.৬০ | ১৭৩.৯০০ | ১৪.১২৮ | ৯.৪১৯ | ৪৭০.০০০ | ৪৯৩.৫৪৭ | ১৫১৩.৪৪৭ |
| ১৩ | কক্সবাজার | ১২০০০ | ০.৪৮০ | ১২০.০০ | ১২০.০০ | ২৪০.০০ | ২১৬.০০ | ২২.৮০ | ২১.৬০ | ৪৪.৪০০ | ৩.৬০৭ | ২.৪০৫ | ১২০.০০০ | ১২৬.০১২ | ৩৮৬.৪১২ |
| ১৪ | নোয়াখালী | ৪৫০০০ | ১.৮০০ | ৪৫০.০০ | ৪৫০.০০ | ৯০০.০০ | ৮১০.০০ | ৮৫.৫০ | ৮১.০০ | ১৬৬.৫০ | ১৩.৫২৭ | ৯.০১৮ | ৪৫০.০০০ | ৪৭২.৫৪৫ | ১৪৪৯.০৪৫ |
| ১৫ | ফেনী | ৪৩০০০ | ১.৭২০ | ৪৩০.০০ | ৪৩০.০০ | ৮৬০.০০ | ৭৭৪.০০ | ৮১.৭০ | ৭৭.৪০ | ১৫৯.১০০ | ১২.৯২৬ | ৮.৬১৭ | ৪৩০.০০০ | ৪৫১.৫৪৩ | ১৩৮৪.৬৪৩ |
| ১৬ | লক্ষীপুর | ৩৮০০০ | ১.৫২০ | ৩৮০.০০ | ৩৮০.০০ | ৭৬০.০০ | ৬৮৪.০০ | ৭২.২০ | ৬৮.৪০ | ১৪০.৬০০ | ১১.৪২৩ | ৭.৬১৫ | ৩৮০.০০০ | ৩৯৯.০৩৮ | ১২২৩.৬৩৮ |
| ১৭ | রাঙ্গামাটি | ৩০০০ | ০.১২০ | ৩০.০০ | ৩০.০০ | ৬০.০০ | ৫৪.০০ | ৫.৭০ | ৫.৪০ | ১১.১০০ | ০.৯০২ | ০.৬০১ | ৩০.০০০ | ৩১.৫০৩ | ৯৬.৬০৩ |
| ১৮ | খাগড়াছড়ি | ৮০০০ | ০.৩২০ | ৮০.০০ | ৮০.০০ | ১৬০.০০ | ১৪৪.০০ | ১৫.২০ | ১৪.৪০ | ২৯.৬০০ | ২.৪০৫ | ১.৬০৩ | ৮০.০০০ | ৮৪.০০৮ | ২৫৭.৬০৮ |
| ১৯ | যশোর | ১০০০০ | ০.৪০০ | ১০০.০০ | ১০০.০০ | ২০০.০০ | ১৮০.০০ | ১৯.০০ | ১৮.০০ | ৩৭.০০০ | ৩.০০৬ | ২.০০৪ | ১০০.০০০ | ১০৫.০১০ | ৩২২.০১০ |
| ২০ | খুলনা | ২০০০ | ০.০৮০ | ২০.০০ | ২০.০০ | ৪০.০০ | ৩৬.০০ | ৩.৮০ | ৩.৬০ | ৭.৪০০ | ০.৬০১ | ০.৪০১ | ২০.০০০ | ২১.০০২ | ৬৪.৪০২ |
| ২১ | বাগেরহাট | ২০০০ | ০.০৮০ | ২০.০০ | ২০.০০ | ৪০.০০ | ৩৬.০০ | ৩.৮০ | ৩.৬০ | ৭.৪০০ | ০.৬০১ | ০.৪০১ | ২০.০০০ | ২১.০০২ | ৬৪.৪০২ |
| ২২ | নড়াইল | ৪০০০ | ০.১৬০ | ৪০.০০ | ৪০.০০ | ৮০.০০ | ৭২.০০ | ৭.৬০ | ৭.২০ | ১৪.৮০০ | ১.২০২ | ০.৮০২ | ৪০.০০০ | ৪২.০০৪ | ১২৮.৮০৪ |
| | মোট | ৩০০০০০ | ১২.০০০ | ৩০০০.০০ | ৩০০০.০০ | ৬০০০.০০ | **৫৪০০.০০** | ৫৭০.০০ | ৫৪০.০০ | **১১১০.০০** | ৯০.১৮০ | ৬০.১২০ | ৩০০০.০০০ | **৩১৫০.৩০** | ৯৬৬০.৩০ |

০৪। '২০২৪-২৫ অর্থবছরে কৃষকদের মাঝে খরিপ-২ মৌসুমে বিভিন্ন জাতের শীতকালীন সবজির বীজ ও নগদ সহায়তা বাবদ পুনর্বাসন কর্মসূচির বাস্তবায়ন পদ্ধতি'ও 'কৃষক তথ্য ছক' নির্দেশক্রমে এতৎসঙ্গে সংযুক্ত করা হলো।

০৫। কর্মসূচির বাস্তবায়ন এবং এ সংক্রান্ত অর্থ ব্যয়ের শর্তাবলী:

১. ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA' ২০০৬ ও PPR' ২০০৮ অনুসরণপূর্বক প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে। কোন অবস্থায়ই কর্মসূচির বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত অর্থ ব্যয় করা যাবে না। জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক বরাদ্দকৃত সকল অর্থ উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার এর অনুকূলে ছাড় করতে হবে। ছাড়কৃত অর্থ ব্যয়সহ এ কার্যক্রম বাস্তবায়নে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

২. কর্মসূচি প্রাপ্তির পর যথাসম্ভব দ্রুত জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি লক্ষ্যমাত্রা অনুযায়ী উপজেলাওয়ারী কৃষক সংখ্যা বিভাজন করবেন। উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি সভা করবেন এবং সংশ্লিষ্ট উপসহকারী কৃষি কর্মকর্তাগণ ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক নির্বাচন করে অগ্রাধিকারভিত্তিতে খসড়া তালিকা প্রস্তুত করবেন। জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির তত্ত্বাবধানে উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি উক্ত খসড়া তালিকা (প্রয়োজনে সংযোজন ও বিয়োজন করে) অনুমোদন, উপকরণ বিতরণ প্রভৃতি কার্যক্রম বরাদ্দকৃত অর্থ হতে সরকারি আদেশে বর্ণিত পদ্ধতি ও শর্তাবলী অনুযায়ী বাস্তবায়ন করবেন। উপজেলা ও জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক কৃষক তালিকা চূড়ান্ত করার পর 'কৃষক তথ্য ছক' পূরণ করে এর সফটকপি উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক উপকরণ বিতরণ কার্যক্রম শুরুর পূর্বে পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে (E-mail- admonitoring@dae.gov.bd/ ddmonitoring@yahoo.com) প্রেরণ করবেন। পরবর্তীতে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক সমন্বিত প্রতিবেদন সরকারি ই-মেইল আইডি যোগে কৃষি মন্ত্রণালয়ে (E-mail- input2@moa.gov.bd/ moa.input2@gmail.com) আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে;

৩. সংশ্লিষ্ট ব্লকের উপসহকারী কৃষি কর্মকর্তা এ কর্মসূচির জন্য মনোনীত (অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত) প্রত্যেক কৃষকের ছবিযুক্ত কৃষি কার্ডের উপকরণ সহায়তা অংশে যথাযথভাবে উপকরণের পরিমাণ লিপিবদ্ধ করে যথারীতি মাস্টাররোল সংরক্ষণপূর্বক উপকরণ বিতরণ করবেন। কৃষি উপকরণ কার্ড না থাকলে মাস্টাররোলে অবশ্যই উপকরণ গ্রহণকারী কৃষকের জাতীয় পরিচয় পত্র ও মোবাইল নম্বর যুক্ত করতে হবে। মাস্টাররোলে উপকরণ গ্রহণকারী কৃষক স্বাক্ষর/টিপসহি প্রদান করবেন। উপসহকারী কৃষি কর্মকর্তা এতে স্বাক্ষর করবেন এবং উপজেলা কৃষি অফিসার এতে প্রতিস্বাক্ষর করবেন;

৪. কর্মসূচি প্রাপ্তির পর উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি দ্রুততম সময়ে তালিকাভুক্ত ক্ষতিগ্রস্ত কৃষকের মাঝে উপকরণ বিতরণ কার্যক্রম শুরু করবেন। কর্মসূচির সকল উপকরণ উপজেলা সদর থেকে বিতরণ করতে হবে। বিতরণকৃত উপকরণ বা অর্থ কৃষক নিজে গ্রহণ করবেন, কোন অবস্থাতেই প্রকৃত তালিকাভুক্ত কৃষক ছাড়া অন্য কাউকে প্রদান করা যাবে না;

৫. এ কর্মসূচির আওতায় অনুমোদিত তালিকা অনুযায়ী একজন কৃষক মাঠে সবজি চাষের জন্য জন্য ৮ ধরনের শীতকালীন সবজির হাইব্রিড জাতের বীজ ৪০ গ্রাম (টমেটো ৩ গ্রাম, মিষ্টি কুমড়া ১০ গ্রাম, লাউ ৫ গ্রাম, মরিচ ৫ গ্রাম, ব্রকোলি ২ গ্রাম, বেগুন ৫ গ্রাম, ফুলকপি ৫ গ্রাম, বাঁধাকপি ৫ গ্রাম), সার ২০ কেজি (১০ কেজি ডিএপি+ ১০ কেজি এমওপি) এবং বীজ বপন বাবদ নগদ অর্থ সহায়তা পাবেন। নগদ/বিকাশ/রকেট অথবা যেকোন মোবাইল ফিনান্সিয়াল সার্ভিস- এর মাধ্যমে নগদ ১০০০.০০ টাকা প্রদান করে মাস্টাররোল সংরক্ষণ করতে হবে। ১ জন ক্ষতিগ্রস্থ কৃষককে কেবলমাত্র ১বিঘা জমির জন্য উপকরণ সহায়তা ও নগদ অর্থ সহায়তা প্রদান করা যাবে;

৬. কর্মসূচির সার বিসিআইসি'র কারখানা/বাফার গুদাম/বিক্রয়কেন্দ্র/মিল গেট/বিএডিসি'র জেলাস্থ/ নিকটবর্তী গুদাম থেকে বিধি মোতাবেক ক্রয় করতে হবে। সারের মূল্য সরকার নির্ধারিত ভর্তুকি মূল্যে ধরা হয়েছে;

৭. এ কর্মসূচির আওতায় সন্তোষজনক অঙ্কুরোদগম পরীক্ষাপূর্বক মানসম্পন্ন প্রয়োজনীয় বিভিন্ন জাতের সবজির হাইব্রিড জাতের বীজ সংযুক্ত জেলাভিত্তিক বিভাজন অনুযায়ী টমেটো ৩ গ্রাম, মিষ্টি কুমড়া ১০ গ্রাম, লাউ ৫ গ্রাম, মরিচ ৫ গ্রাম, ব্রকোলি ২ গ্রাম, বেগুন ৫ গ্রাম, ফুলকপি ৫ গ্রাম, বাঁধাকপি ৫ গ্রাম পরিমাণ বীজ সরকারি বিধি মোতাবেক ক্রয়পূর্বক কৃষক পর্যায়ে বিতরণ করতে হবে। বিএডিসি কর্তৃক প্রয়োজনীয় বীজ সরবরাহ করতে না পারলে মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা এর অনুমোদন নিয়ে বিভিন্ন সবজির বিঘা প্রতি কাঙ্ক্ষিত ফলনের এলাকা উপযোগী ও সন্তোষজনক অঙ্কুরোদগম পরীক্ষাপূর্বক মানসম্পন্ন হাইব্রিড জাতের বীজ প্রতিষ্ঠিত বেসরকারি প্রতিষ্ঠান/আমদানিকারক/বীজ ডিলারের নিকট হতে নির্ধারিত মূল্যে ক্রয় করতে হবে।

৮. উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি প্রণোদনার জন্য প্রদত্ত উপকরণ বিতরণের নিমিত্ত ব্লক/ ইউনিয়ন ভিত্তিক বিতরণ রেজিস্টার, সংশ্লিষ্ট কৃষকের তালিকাসহ যাবতীয় হিসাবাদি ও কাগজপত্র সংরক্ষণ করবেন এবং উপকরণ বিতরণের তালিকা ০১ (এক) কপি সংশ্লিষ্ট উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের নিকট প্রেরণ করবেন। উপপরিচালক সংশ্লিষ্ট জেলার উপজেলা থেকে প্রাপ্ত উপকরণ বিতরণের তালিকা ০১ (এক) কপি সংরক্ষণ করবেন এবং ০১ কপি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালকের নিকট প্রেরণ করবেন এবং এর ০১ (এক) কপি ২০ জেলার জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি ও ০২ টি পার্বত্য জেলার (রাঙ্গামাটি ও খাগড়াছড়ি) জেলার জেলা পরিষদ চেয়ারম্যান এবং সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকট প্রেরণ করতে হবে। এছাড়া, উপকারভোগী কৃষকের তালিকা ডিএই'র জেলা ও উপজেলা কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে;

৯. এ কর্মসূচির আওতায় ফসল কর্তন শেষ হওয়ার ১০ (দশ) কর্মদিবসের মধ্যে চূড়ান্ত প্রতিবেদন **ই-মেইলযোগে** admonitoring@dae.gov.bd/ddimplement@dae.gov.bd এ প্রেরণ করতে হবে। পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর উক্ত তথ্য কৃষি মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়টি নিশ্চিত করবেন;

১০. কর্মসূচির প্রকৃত সুফল প্রাপ্তির জন্য যথাসম্ভব দ্রুত এ কার্যক্রম বাস্তবায়ন সমাপ্ত হবে, কোনোভাবেই বিলম্ব গ্রহণযোগ্য হবে না। প্রণোদনা কার্যক্রম শেষ হওয়ার পরে যথাসম্ভব দ্রুততার সাথে এ অর্থ ব্যয়ের বিস্তারিত বিবরণী ও সমন্বয় বিবরণী (অব্যয়িত অর্থ জমা দেয়ার চালানের ছায়ালিপিসহ) অর্থ বিভাগে প্রেরণের জন্য সংশ্লিষ্ট জেলার উপপরিচালক ও সদস্য সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক **ই-মেইলের যোগে** (admonitoring@dae.gov.bd/ddmonitoring@yahoo.com) তে প্রেরণ করতে হবে। পরিচালক, সরেজমিন উইং, উক্ত তথ্য কৃষি মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়টি নিশ্চিত করবেন। উক্ত সমন্বয় বিবরণীর ০১ (এক) কপি ২০ জেলার জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি ও ০২ টি পার্বত্য জেলার (রাঙ্গামাটি ও খাগড়াছড়ি) জেলার জেলা পরিষদ চেয়ারম্যান এবং সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকটও প্রেরণ করতে হবে। অগ্রিম উত্তোলিত অর্থ ৩০ জুন ২০২৫ তারিখের মধ্যে অবশ্যই সমন্বয় করতে হবে;

১১. সার, বীজ, নগদ সহায়তা ও আনুষঙ্গিক ব্যয় বাবদ অর্থ বিতরণের সমগ্র প্রক্রিয়া যথাযথভাবে পরিবীক্ষণ করতে হবে; এবং

১২. এ কার্যক্রম বাস্তবায়নে চলমান অন্যান্য পুনর্বাসন কার্যক্রমের সাথে দ্বৈততা যেন না হয়, সে বিষয়টি কৃষি সম্প্রসারণ অধিদপ্তর নিশ্চিত করবে।

আপনার বিশ্বস্ত

স্বাঃ/

নাইমা আফরোজ ইমা
সিনিয়র সহকারী সচিব

নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০০৭.২২.২৪৬ তারিখ : ০২ আশ্বিন ১৪৩১ / ১৭ সেপ্টেম্বর ২০২৪

এ আদেশের ০৪ (চার) কপি এতদ্সঙ্গে প্রেরণ করা হলো। আদেশের এক কপি পৃষ্ঠাঙ্কনপূর্বক চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা বরাবর প্রেরণ করার জন্য অর্থ বিভাগকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বাঃ/

নাইমা আফরোজ ইমা
সিনিয়র সহকারী সচিব
ফোন নং ০২৫৫১০০৯৬৪
E-mail-input2@moa.gov.bd/
moa.input2@gmail.com

নং-০৭.০০.০০০০.১২০.১৬.১৩০.২৪. তারিখ :

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ আদেশের অনুলিপি চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা এর নিকট প্রেরিত হলো। এতে অর্থ বিভাগের সম্মতি রয়েছে।

(মুহাম্মদ আনিসুর রহমান)
বাজেট-২০ শাখা
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০০৭.২২.২৪৬ তারিখ : ০২ আশ্বিন ১৪৩১ / ১৭ সেপ্টেম্বর ২০২৪

**অনুলিপি : জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতা ক্রমানুসারে নয়)**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, ৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৪. চেয়ারম্যান, বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন, বিসিআইসি ভবন, ৩০-৩১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৫. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা। **(বাস্তবায়ন পদ্ধতি এবং উল্লিখিত শর্তাবলীর আলোকে কার্যক্রম সমাপ্ত হওয়ার পর যথাসময়ে সমন্বয় বিবরণী প্রেরণ নিশ্চিত করণের অনুরোধসহ)**
৬. অতিরিক্ত সচিব, (সার ব্যবস্থাপনা ও উপকরণ/ সম্প্রসারণ/প্রশাসন) অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. মহাপরিচালক (বীজ), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. চেয়ারম্যান, জেলা পরিষদ (রাঙ্গামাটি ও খাগড়াছড়ি) ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি।
১০. জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট ২০ জেলা)।
১১. উপসচিব, প্রশাসন-৪ (বাজেট) অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(আইবাস ++ এ এন্ট্রি প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য)।**
১২. সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. সিনিয়র তথ্য অফিসার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. উপপ্রধান (কৃষি অর্থনীতিবিদ), সার ব্যবস্থাপনা ও উপকরণ, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য-সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট ২২ টি জেলা)।
১৬. উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট উপজেলা)।
১৭. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সংশ্লিষ্ট ২২টি জেলা) **(জি.ও এর বাস্তবায়ন পদ্ধতি/শর্ত মোতাবেক যথাসময়ে ব্যয়ের সমন্বয় বিবরণী প্রস্তুতের সহযোগিতা প্রদানের অনুরোধসহ)**
১৮. উপজেলা কৃষি অফিসার ও সদস্য-সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট উপজেলা) **(জি.ওর বাস্তবায়ন পদ্ধতি/শর্ত মোতাবেক এ পুনর্বাসন কার্যক্রম সমাপ্ত হওয়ার পর যথাসময়ে খরচ সমন্বয় করে মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে প্রেরণের অনুরোধসহ)।**
১৯. সহকারী প্রোগ্রামার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।**
২০. হিসাবরক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৭/০৯/২০২৪

নাইমা আফরোজ ইমা
সিনিয়র সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
উপকরণ-২ শাখা
www.moa.gov.bd

**২০২৪-২৫ অর্থবছরে কৃষকদের মাঝে খরিপ-২ মৌসুমে বিনামূল্যে বিভিন্ন হাইব্রিড জাতের শীতকালীন সবজির বীজ, সার এবং নগদ সহায়তার মাধ্যমে পুনর্বাসন কর্মসূচির বাস্তবায়ন পদ্ধতি**

**কর্মসূচির উদ্দেশ্যঃ**

১. সাম্প্রতিক অতিবৃষ্টি, বন্যা ও উজান থেকে নেমে আসা পাহাড়ি ঢলে ক্ষতিগ্রস্ত কৃষকদের পাশে দাঁড়ানো;
২. অতিবৃষ্টি, বন্যা ও উজান থেকে নেমে আসা পাহাড়ি ঢলে ক্ষতিগ্রস্ত এলাকাসমূহের কৃষকদের ক্ষতি পুষিয়ে নেওয়া;
৩. দেশের সবজি ও পুষ্টি চাহিদা পূরণে সবজি ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধি অব্যাহত রাখা;
৪. ক্ষতিগ্রস্ত কৃষক মাঠে উৎপাদিত সবজি ব্যবহারের মাধ্যমে অর্থ সাশ্রয় করে আর্থিকভাবে লাভবান হতে পারবে;
৫. ক্ষতিগ্রস্ত জেলাসমূহে সবজি উৎপাদনের ধারা অব্যাহত রাখা যাবে।

**কর্মসূচির যৌক্তিকতাঃ**

দেশের ২২টি জেলায় বাড়ি ঘর, রাস্তা-ঘাট, ফসলের জমি বন্যার পানিতে নিমজ্জিত হয়ে ক্ষতিগ্রস্ত হয়েছে। এতে কৃষকের ফসলি জমিসহ পারিবারিক পর্যায়ে স্থাপিত সবজি চাষ সম্পূর্ণ ক্ষতি হয়। এই দুর্যোগের সময়ে কৃষকদের পাশে দাঁড়ানো এবং তাদের ক্ষয়ক্ষতি পুষিয়ে নিতে এ কর্মসূচি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। এ কর্মসূচি বাস্তবায়িত হলে প্রতি বিঘা জমিতে প্রায় ২ টন সবজি উৎপাদিত হবে। গড়ে প্রতি কেজি ৫০.০০ টাকা হিসেবে যার বাজার মূল্য প্রায় ১,০০,০০০ টাকা। শাক-সবজি জাতীয় ফসল আবাদের মাধ্যমে কৃষকের নিজস্ব সবজি চাহিদার পাশাপাশি বাড়তি আয়ের সুযোগ সৃষ্টি এবং পারিবারিক পর্যায়ে প্রয়োজনীয় পুষ্টির সরবরাহ ও খাদ্য নিরাপত্তার বিষয়টি নিশ্চিত হবে।

**বাস্তবায়ন পদ্ধতি**

১. ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA' ২০০৬ ও PPR' ২০০৮ অনুসরণপূর্বক প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে। কোন অবস্থায়ই কর্মসূচির বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত অর্থ ব্যয় করা যাবে না। জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক বরাদ্দকৃত সকল অর্থ উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার এর অনুকূলে ছাড় করতে হবে। ছাড়কৃত অর্থ ব্যয়সহ এ কার্যক্রম বাস্তবায়নে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

২. কর্মসূচি প্রাপ্তির পর যথাসম্ভব দ্রুত জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি লক্ষ্যমাত্রা অনুযায়ী উপজেলাওয়ারী কৃষক সংখ্যা বিভাজন করবেন। উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি সভা করবেন এবং সংশ্লিষ্ট উপসহকারী কৃষি কর্মকর্তাগণ ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক নির্বাচন করে অগ্রাধিকারভিত্তিতে খসড়া তালিকা প্রস্তুত করবেন। জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির তত্ত্বাবধানে উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি উক্ত খসড়া তালিকা (প্রয়োজনে সংযোজন ও বিয়োজন করে) অনুমোদন, উপকরণ বিতরণ প্রভৃতি কার্যক্রম বরাদ্দকৃত অর্থ হতে সরকারি আদেশে বর্ণিত পদ্ধতি ও শর্তাবলী অনুযায়ী বাস্তবায়ন করবেন। উপজেলা ও জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক কৃষক তালিকা চূড়ান্ত করার পর 'কৃষক তথ্য ছক' পূরণ করে এর সফটকপি উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক উপকরণ বিতরণ কার্যক্রম শুরুর পূর্বে পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে (E-mail- admonitoring@dae.gov.bd/ ddmonitoring@yahoo.com) প্রেরণ করবেন। পরবর্তীতে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক সমন্বিত প্রতিবেদন সরকারি ই-মেইল আইডি যোগে কৃষি মন্ত্রণালয়ে (E-mail- input2@moa.gov.bd/ moa.input2@gmail.com) আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে;

৩. সংশ্লিষ্ট ব্লকের উপসহকারী কৃষি কর্মকর্তা এ কর্মসূচির জন্য মনোনীত (অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত) প্রত্যেক কৃষকের ছবিযুক্ত কৃষি কার্ডের উপকরণ সহায়তা অংশে যথাযথভাবে উপকরণের পরিমাণ লিপিবদ্ধ করে যথারীতি মাস্টাররোল সংরক্ষণপূর্বক উপকরণ বিতরণ করবেন। কৃষি উপকরণ কার্ড না থাকলে মাস্টাররোলে অবশ্যই উপকরণ গ্রহণকারী কৃষকের জাতীয় পরিচয় পত্র ও মোবাইল নম্বর যুক্ত করতে হবে। মাস্টাররোলে উপকরণ গ্রহণকারী কৃষক স্বাক্ষর/টিপসহি প্রদান করবেন। উপসহকারী কৃষি কর্মকর্তা এতে স্বাক্ষর করবেন এবং উপজেলা কৃষি অফিসার এতে প্রতিস্বাক্ষর করবেন;

৪. কর্মসূচি প্রাপ্তির পর উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি দ্রুততম সময়ে তালিকাভুক্ত ক্ষতিগ্রস্ত কৃষকের মাঝে উপকরণ বিতরণ কার্যক্রম শুরু করবেন। কর্মসূচির সকল উপকরণ উপজেলা সদর থেকে বিতরণ করতে হবে। বিতরণকৃত উপকরণ বা অর্থ কৃষক নিজে গ্রহণ করবেন, কোন অবস্থাতেই প্রকৃত তালিকাভুক্ত কৃষক ছাড়া অন্য কাউকে প্রদান করা যাবে না;

৫. এ কর্মসূচির আওতায় অনুমোদিত তালিকা অনুযায়ী একজন কৃষক মাঠে সবজি চাষের জন্য জন্য ৮ ধরনের শীতকালীন সবজির হাইব্রিড জাতের বীজ ৪০ গ্রাম (টমেটো ৩ গ্রাম, মিষ্টি কুমড়া ১০ গ্রাম, লাউ ৫ গ্রাম, মরিচ ৫ গ্রাম, ব্রকোলি ২ গ্রাম, বেগুন ৫ গ্রাম, ফুলকপি ৫ গ্রাম, বাঁধাকপি ৫ গ্রাম), সার ২০ কেজি (১০ কেজি ডিএপি+ ১০ কেজি এমওপি) এবং বীজ বপন বাবদ নগদ অর্থ সহায়তা পাবেন। নগদ/বিকাশ/রকেট অথবা যেকোন মোবাইল ফিনান্সিয়াল সার্ভিস- এর মাধ্যমে নগদ ১০০০.০০ টাকা প্রদান করে মাস্টাররোল সংরক্ষণ করতে হবে। ১ জন ক্ষতিগ্রস্থ কৃষককে কেবলমাত্র ১বিঘা জমির জন্য উপকরণ সহায়তা ও নগদ অর্থ সহায়তা প্রদান করা যাবে;

৬. কর্মসূচির সার বিসিআইসি'র কারখানা/বাফার গুদাম/বিক্রয়কেন্দ্র/মিল গেট/বিএডিসি'র জেলাস্থ/ নিকটবর্তী গুদাম থেকে বিধি মোতাবেক ক্রয় করতে হবে। সারের মূল্য সরকার নির্ধারিত ভর্তুকি মূল্যে ধরা হয়েছে;

৭. এ কর্মসূচির আওতায় সন্তোষজনক অঙ্কুরোদগম পরীক্ষাপূর্বক মানসম্পন্ন প্রয়োজনীয় বিভিন্ন জাতের সবজির হাইব্রিড জাতের বীজ সংযুক্ত জেলাভিত্তিক বিভাজন অনুযায়ী টমেটো ৩ গ্রাম, মিষ্টি কুমড়া ১০ গ্রাম, লাউ ৫ গ্রাম, মরিচ ৫ গ্রাম, ব্রকোলি ২ গ্রাম, বেগুন ৫ গ্রাম, ফুলকপি ৫ গ্রাম, বাঁধাকপি ৫ গ্রাম পরিমাণ বীজ সরকারি বিধি মোতাবেক ক্রয়পূর্বক কৃষক পর্যায়ে বিতরণ করতে হবে। বিএডিসি কর্তৃক প্রয়োজনীয় বীজ সরবরাহ করতে না পারলে মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা এর অনুমোদন নিয়ে বিভিন্ন সবজির বিঘা প্রতি কাঙ্ক্ষিত ফলনের এলাকা উপযোগী ও সন্তোষজনক অঙ্কুরোদগম পরীক্ষাপূর্বক মানসম্পন্ন হাইব্রিড জাতের বীজ প্রতিষ্ঠিত বেসরকারি প্রতিষ্ঠান/আমদানিকারক/বীজ ডিলারের নিকট হতে নির্ধারিত মূল্যে ক্রয় করতে হবে।

৮. উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি প্রণোদনার জন্য প্রদত্ত উপকরণ বিতরণের নিমিত্ত ব্লক/ইউনিয়ন ভিত্তিক বিতরণ রেজিস্টার, সংশ্লিষ্ট কৃষকের তালিকাসহ যাবতীয় হিসাবাদি ও কাগজপত্র সংরক্ষণ করবেন এবং উপকরণ বিতরণের তালিকা ০১ (এক) কপি সংশ্লিষ্ট উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের নিকট প্রেরণ করবেন। উপপরিচালক সংশ্লিষ্ট জেলার উপজেলা থেকে প্রাপ্ত উপকরণ বিতরণের তালিকা ০১ (এক) কপি সংরক্ষণ করবেন এবং ০১ কপি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালকের নিকট প্রেরণ করবেন এবং এর ০১ (এক) কপি ২০ জেলার জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি ও ০২ টি পার্বত্য জেলার (রাঙ্গামাটি ও খাগড়াছড়ি) জেলার জেলা পরিষদ চেয়ারম্যান এবং সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকট প্রেরণ করতে হবে। এছাড়া, উপকারভোগী কৃষকের তালিকা ডিএই'র জেলা ও উপজেলা কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে;

৯. এ কর্মসূচির আওতায় ফসল কর্তন শেষ হওয়ার ১০ (দশ) কর্মদিবসের মধ্যে চূড়ান্ত প্রতিবেদন **ই-মেইলযোগে** admonitoring@dae.gov.bd/ddimplement@dae.gov.bd এ প্রেরণ করতে হবে। পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর উক্ত তথ্য কৃষি মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়টি নিশ্চিত করবেন;

১০. কর্মসূচির প্রকৃত সুফল প্রাপ্তির জন্য যথাসম্ভব দ্রুত এ কার্যক্রম বাস্তবায়ন সমাপ্ত হবে, কোনোভাবেই বিলম্ব গ্রহণযোগ্য হবে না। প্রণোদনা কার্যক্রম শেষ হওয়ার পরে যথাসম্ভব দ্রুততার সাথে এ অর্থ ব্যয়ের বিস্তারিত বিবরণী ও সমন্বয় বিবরণী (অব্যয়িত অর্থ জমা দেয়ার চালানের ছায়ালিপিসহ) অর্থ বিভাগে প্রেরণের জন্য সংশ্লিষ্ট জেলার উপপরিচালক ও সদস্য সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক **ই-মেইলের যোগে** (admonitoring@dae.gov.bd/ddmonitoring@yahoo.com) তে প্রেরণ করতে হবে। পরিচালক, সরেজমিন উইং, উক্ত তথ্য কৃষি মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়টি নিশ্চিত করবেন। উক্ত সমন্বয় বিবরণীর ০১ (এক) কপি ২০ জেলার জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি ও ০২ টি পার্বত্য জেলার (রাঙ্গামাটি ও খাগড়াছড়ি) জেলার জেলা পরিষদ চেয়ারম্যান এবং সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকটও প্রেরণ করতে হবে। অগ্রিম উত্তোলিত অর্থ ৩০ জুন ২০২৫ তারিখের মধ্যে অবশ্যই সমন্বয় করতে হবে;

১১. সার, বীজ, নগদ সহায়তা ও আনুষঙ্গিক ব্যয় বাবদ অর্থ বিতরণের সমগ্র প্রক্রিয়া যথাযথভাবে পরিবীক্ষণ করতে হবে; এবং

১২. এ কার্যক্রম বাস্তবায়নে চলমান অন্যান্য পুনর্বাসন কার্যক্রমের সাথে দ্বৈততা যেন না হয়, সে বিষয়টি কৃষি সম্প্রসারণ অধিদপ্তর নিশ্চিত করবে।

২৭/০৮/২০২৪

নাইমা আফরোজ ইমা
সিনিয়র সহকারী সচিব
কৃষি মন্ত্রণালয়

(পুনর্বাসন/ প্রণোদনা কার্যক্রম মনিটরিংয়ের জন্য 'কৃষক তথ্য' ছক (সরকারি ই-মেইলের মাধ্যমে E-mail- admonitoring@dae.gov.bd/ ddmonitoring@yahoo.com -এ প্রেরণ করতে হবে সে ক্ষেত্রে কর্মকর্তার স্বাক্ষরের প্রয়োজন নেই)

জেলা ও উপজেলার নাম:
ইউনিয়ন/ পৌরসভার নাম :
গ্রাম/মহল্লা/ওয়ার্ড নং:

| নং | কৃষকের নাম | পিতা ও মাতার নাম | কৃষকের জাতীয় পরিচয় পত্রের নম্বর | কৃষকের মোবাইল নম্বর | কর্মসূচি সহায়তা বাবদ প্রাপ্ত বীজ, সার ও নগদ সহায়তা বিবরণ | ফসল উৎপাদন পর্যন্ত উঠান বৈঠকের সম্ভাব্য সংখ্যা |
|---|---|---|---|---|---|---|
| | | | | | বীজের নাম ও জাত-<br>বীজের পরিমাণ-<br>সারের পরিমাণ-<br>নগদ সহায়তা- | |